গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.৪৪.৪৭০০.০৩২.০৬.০০২.১৫- ৪২৪ (যুক্ত)

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২২ / ০৮ ডিসেম্বর ২০১৫

**বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট হতে প্রকাশিত "উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ণ নির্দেশিকা, ২০১৫" এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা হতে প্রণীত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রেরণ।**

সূত্রঃ ১) মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫-৬৭, তারিখঃ ২১-০৬-২০১৫
২) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনার স্মারক নং- ০৫.৪৪.০০০০.০০৯.২৯.০৩৩.১৫-১৭৪(৩), তারিখঃ ২৩-০৯-২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উদ্ভাবন চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে এবং ইনোভেশন টিমের দক্ষতা বৃদ্ধির নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত 'উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫' এর নির্দেশনার আলোকে খুলনা জেলা ইনোভেশন টিম কর্তৃক বিবেচ্য ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

এমতাবস্থায়, খুলনা জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতির জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক
০৩ (তিন) ফর্দ

(মোঃ মোস্তফা কামাল)
জেলা প্রশাসক
খুলনা।
ফোনঃ ০৪১-৭২১১১১ (অফিস)
০৪১-৭২১১২২ (বাসা)
ফ্যাক্সঃ ০৪১-৭৩১৭৫০
ই-মেইলঃ dckhulna@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা।
৪. জনাব ..............................................................., খুলনা। (জেলা ইনোভেশন টিমের সংশ্লিষ্ট সকল)
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ........................................, খুলনা।
৬. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা। (খুলনা জেলা ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭. অফিসকপি।

E:\ICT Section\Official MM\আইসিটি বিবিধ পত্র97.doc

ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা

জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

**বিবেচ্য সালঃ ২০১৬**

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল শুরুর তারিখ | বাস্তবায়নকাল সমাপ্তির তারিখ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | দপ্তরের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ৩টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ | ২ মার্চ ২০১৬ | ২০ মার্চ ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | সহজীকরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার ৩টি গুরুত্বপূর্ণ সেবা অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত ৩টি সেবার উল্লেখসহ ইনোভেশন টিমের কার্যবিবরণী এবং জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ২ | | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত সেবাসমূহের প্রথম সেবাটি অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ প্রণয়ন করার জন্য কমিটি গঠন। | ২০ মার্চ ২০১৬ | ১২ এপ্রিল ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ প্রণয়ন করার জন্য কমিটি গঠন সম্পন্ন | কমিটি গঠন সংক্রান্ত ইনোভেশন টিমের কার্যবিবরণী এবং জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ৩ | | কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ও নতুন পদ্ধতিতে পরীক্ষামূলক সীমিত পরিসরে প্রথম সেবাটির প্রদান শুরু করা। | ১৫ এপ্রিল ২০১৬ | ৩০ এপ্রিল ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | পরীক্ষামূলক সেবা প্রদান শুরু | পরীক্ষামূলক সেবা প্রদান শুরুর সঙ্গে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৪ | | অর্জিত অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনসহ নতুন পদ্ধতিতে পরিসরে প্রথম সেবাটি প্রদান শুরু। | ১৫ মে ২০১৬ | ৩০ মে ২০১৬ | জনাব মোঃ আশিক উন নবী তালুকদার, সহকারী কমিশনার (আইসিটি) | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৫ | | চিহ্নিত প্রথম সেবাটি নতুন পদ্ধতিতে প্রদান করার জন্য গুরুত্বপূর্ণ চিহ্নিত ৩টি সেবার অবশিষ্ট ২টি সেবা নতুন পদ্ধতিতে প্রদান করার জন্য কমিটি গঠন, পরীক্ষামূলক বাস্তবায়ন এবং চূড়ান্ত বাস্তবায়ন সম্পন্ন করা। | ১০ জুন ২০১৬ | ৩০ আগস্ট ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | নতুন পদ্ধতিতে আরও ২টি সেবার সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৬ | ই-সেবা ও ইফাইলিং কার্যক্রম | দপ্তরের ১টি গুরুত্বপূর্ণ শাখার ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ | ২ মার্চ ২০১৬ | ২০ মার্চ ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | দপ্তরের ১টি গুরুত্বপূর্ণ শাখার ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত ১টি শাখার ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ও জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ৭ | | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত শাখাটির ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির জন্য কমিটি গঠন | ২০ মার্চ ২০১৬ | ১২ এপ্রিল ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | ই-ফাইলের মাধ্যমে ফাইল নিষ্পত্তির জন্য কমিটি গঠন সম্পন্ন | কমিটি গঠন সংক্রান্ত ইনোভেশন টিমের কার্যবিবরণী ও জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কোনটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮ | | কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ই-ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিস্পত্তি শুরু করা। | ১৫ এপ্রিল ২০১৬ | ৩০ এপ্রিল ২০১৬ | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | পরীক্ষামূলক সেবা প্রদান শুরু | পরীক্ষামূলক সেবা প্রদান শুরুর সঙ্গে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৯ | | অর্জিত অভিজ্ঞতার আলোকে অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত অন্য শাখাসমূহের ফাইলসমূহ ই-ফাইলের মাধ্যমে নিস্পত্তি শুরু করা | ১৫ মে ২০১৬ | ৩০ মে ২০১৬ | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সংগে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ১০ | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ জেলা প্রশাসনের ফেসবুক ইনোভেশন বক্স চালু করা | ২৭ মার্চ ২০১৬ | ৩১ ডিসেম্বর ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | অনলাইন আইডিয়া বক্স স্থাপন | আইডিয়া বক্স এর ছবি |
| ১১ | | অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য একটি অনলাইন প্লাটফরম তৈরী | ২৭ মার্চ ২০১৬ | ৩১ ডিসেম্বর ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | অনলাইনে আইডিয়া প্লাটফরম তৈরী সম্পন্ন | অনলাইনে আইডিয়া প্লাটফরম এর লিংক |
| ১২ | | প্রতিমাসের ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স এবং অনলাইনে প্রাপ্ত আইডিয়াসসমূহ যাচাই ও বাছাই করা | প্রতি মাসের ১৫ তারিখ | প্রতিমাসের ২৫ তারিখ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | যাচাই-বাছাই করা আইডিয়া | যাচাই-বাছাই সংক্রান্ত কার্যবিবরণী |
| ১৩ | | প্রতিমাসে বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন | পরবর্তী মাসের ৫ তারিখ | পরবর্তী মাসের ১৫ তারিখ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | অনুমোদিত ও বাস্তবায়িত আইডিয়া | অনুমোদন ও বাস্তবায়ন সংক্রান্ত ডকুমেন্ট |
| ১৪ | | জেলা প্রশাসনের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়িত আইডিয়া পর্যালোচনার পর সারাদেশে বাস্তবায়ন করা (স্কেলআপ) | ১৫ নভেম্বর ২০১৬ | ৩০ ডিসেম্বর ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | সারাদেশে বাস্তবায়িত আইডিয়া | সারাদেশে আইডিয়া বাস্তবায়ন সংক্রান্ত ডকুমেন্ট |
| ১৫ | অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম তদারকি | সকল দপ্তর ও অধিদপ্তরের ইনোভেশন টিমসমূহ সক্রিয় করা এবং প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা | ২৫ মার্চ ২০১৬ | ২০ মে ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | উপজেলা ইনোভেশন টিমসমূহের সভা অনুষ্ঠিত | উপজেলা ইনোভেশন টিমসমূহের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী |
| ১৬ | | জেলা প্রশাসনের অধীন দপ্তর ও অধিদপ্তর হতে ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা, কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। | ২৫ মার্চ ২০১৬ | ১৫ মে ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | কর্মপরিকল্পনা প্রণীত | উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার কপি |
| ১৭ | ট্রেনিং | ৬০ জন কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন সংক্রান্ত **প্রশিক্ষণের আয়োজন করা** | ২৫ মার্চ **২০১৬** | ২৫ মে ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, **ইনোভেশন** অফিসার | ৬০ জন কর্মকর্তা ও কর্মচারীর জন্য **ইনোভেশন সংক্রান্ত** প্রশিক্ষণ সম্পন্ন করা | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্নকারী **৬০ কর্মকর্তা ও** কর্মচারীর তালিকা |
| ১৮ | ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান | খুলনা জেলার আওতাধীন সরকারী দপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন করা | ২৫ মার্চ ২০১৬ | ২৫ জুন ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন সম্পন্ন | পুরস্কার প্রদান করার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ বা দলিল |

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৯ | পুরস্কার প্রদান | খুলনা জেলার আওতাধীন দপ্তরসমূহে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান | ২৫ মারচ ২০১৬ | ৩০ মে ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | পুরস্কার প্রদান সম্পন্ন | পুরস্কার প্রদান করার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ বা দলিল |
| ২০ | পার্টনারশিপ বা নেটওয়ার্কিং | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সংগে যোগাযোগ | ২৫ মার্চ ২০১৬ | ৩০ মে ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | প্রতিষ্ঠান, অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ | প্রতিষ্ঠান, অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ সংক্রান্ত ডকুমেন্ট |
| ২১ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যমের ব্যবহার নিশ্চিত করার সম্ভাব্যতা যাচাই করা হবে। | ২৫ মার্চ ২০১৬ | ২৫ এপ্রিল ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | সোস্যাল মিডিয়ার কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (যেমন-ফেসবুক পেইজ খোলা) | সংশ্লিষ্ট পেইজ লিংক |
| ২২ | প্রকাশনা ও ডকুমেন্টেশন | খুলনা জেলার আওতাধীন সকল দপ্তর হতে প্রাপ্ত আইডিয়াসমূহ সংরক্ষণ করা এবং প্রতি ৪ মাস অন্তর অন্তর ইনোভেশন সংক্রান্ত ই-নিউজলেটার প্রকাশ করা, সংশ্লিষ্টদের নিকট ইমেইলে প্রেরণ করা এবং সংরক্ষণ করা ও ওয়েব সাইটে প্রকাশ করা | ৩০ অক্টোবর ২০১৬ | ৩০ ডিসেম্বর ২০১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ইনোভেশন অফিসার | ডকুমেন্ট প্রকাশিত হওয়া | প্রকাশিত ডকুমেন্ট |

(মোঃ মনিরুজ্জামান)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৭৩১৩৭৮ (অফিস)
ই-মেইলঃ khulnaict@gmail.com